দৈনিক বাংলা

3

তারিখ ৩০।১১।৮০
পৃষ্ঠা ৫ কলাম ১

# সেরা ছবি সূর্য দীঘল বাড়ি

সরকার জাতীয় চলচ্চিত্র পুরস্কার ১৯৭৯ ঘোষণা করেছেন। এ সম্পর্কে গঠিত বিচারকমন্ডলীর রায়ের ভিত্তিতে 'সূর্য দীঘল বাড়ি' শ্রেষ্ঠ ছবি এবং এ ছবির পরিচালকদ্বয়—মসিহউদ্দিন শাকের ও শেখ নিয়ামত আলী শ্রেষ্ঠ পরিচালক নির্বাচিত হয়েছেন।

বিভিন্ন শাখায় শ্রেষ্ঠ হিসাবে নির্বাচিতদের নাম: শ্রেষ্ঠ চিত্র—সূর্য দীঘল বাড়ি; শ্রেষ্ঠ পরিচালক—মসিহউদ্দিন শাকের ও শেখ নিয়ামত আলী (সূর্য দীঘল বাড়ি); প্রধান চরিত্রে শ্রেষ্ঠ অভিনেত্রী—ডলি আনোয়ার (সূর্য দীঘল বাড়ি); পার্শ্ব চরিত্রে শ্রেষ্ঠ অভিনেতা—সাইফুদ্দিন (সুন্দরী); পার্শ্ব চরিত্রে শ্রেষ্ঠ অভিনেত্রী—আনোয়ারা (সুন্দরী); শ্রেষ্ঠ সঙ্গীত—আলাউদ্দিন আলী (সুন্দরী); শ্রেষ্ঠ রূপসজ্জা—রাশিদুল আলম টুটুল (সূর্য দীঘল বাড়ি); শ্রেষ্ঠ চিত্রনাট্য—মসিহউদ্দিন শাকের ও শেখ নিয়ামত আলী (সূর্য দীঘল বাড়ি); শ্রেষ্ঠ চিত্রগ্রহণ (সাদা-কালো)—আনোয়ার হোসেন (সূর্য দীঘল বাড়ি); শ্রেষ্ঠ গীতিকার—আমজাদ হোসেন (সুন্দরী—কি করে বলিব আমি আমার মনে বড় জ্বালা); শ্রেষ্ঠ সংলাপ—আমজাদ হোসেন

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

(সুন্দরী); শ্রেষ্ঠ দৃশ্যসজ্জা—আবদুস সবুর (আরাধনা); শ্রেষ্ঠ গায়ক—সৈয়দ আবদুল হাদী (সুন্দরী—কি করে বলিব আমি আমার মনে বড় জ্বালা); শ্রেষ্ঠ শিশুশিল্পী—সাজেব ও ইলোরা গহর—(কালু ও মায়মুনা-সূর্য দীঘল বাড়ি)।

এছাড়া বিচারকমন্ডলীর সুপারিশে মাস্টার লেনিনকে 'সূর্য দীঘল বাড়ি'তে হাসুর চরিত্র চিত্রায়ণের জন্য বিশেষ পুরস্কারের জন্য নির্বাচন করা হয়েছে।

এ বছর প্রধান চরিত্রে শ্রেষ্ঠ অভিনেতা, শ্রেষ্ঠ চিত্রগ্রাহক (রঙিন) ও শ্রেষ্ঠ শব্দগ্রাহক হিসাবে কাউকে নির্বাচিত করা হয়নি।

এ চলচ্চিত্র পুরস্কার প্রতিযোগিতায় ৯টি ছায়াছবি অংশগ্রহণ করে।